গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা

**ডিসেম্বর ২০২১ খ্রি: মাসের উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা ৩২ (বত্রিশ ) তম এর কার্যবিবরণী :**

সভাপতি: জনাব উবাচ মারমা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ : ৩০/১২/২০২১খ্রি:। সময় : সকাল ১১.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং উপস্থিত উপজেলার সকল সরকারি বিভাগীয় প্রধানের তালিকা পরিশিষ্ট "খ" তে উল্লেখ করা হলো।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী : | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের ৩১-তম সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০২. | ইত:পূর্বে গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা : | উপজেলা পরিষদে হস্তান্তরিত সংশ্লিষ্ট সকল দপ্তর এবং অন্যান্য সরকারি দপ্তরসমূহের সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে ব্যাপক পর্যালোচনা করা হয় এবং গৃহিত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রধান এবং জনপ্রতিনিধিগণকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০৩. | স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রুইহ্লাঅং মারমা সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। কোভিড ভেকসিনেশনের প্রথম ডোজ প্রায় ৪৯% এবং ২য় ডোজ ৪৫% অর্জন হয়েছে। তিনি বলেন,ডিসেম্বর পর্যন্ত লক্ষ্যমাত্রা ছিল ৪৬% যা ইতোমধ্যে অর্জিত হয়েছে। স্কুল ভেকসিনেশনএবং বুস্টার ভেকসিনেশন এর ব্যাপারে সকলের সহযোগিতা চাওয়া হয়। VIA এবং CBE পরীক্ষার ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করা হয়। হসপিটাল ডেলিভারি বাড়াতে সংশ্লিষ্ট সকলকে তাঁর পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক ধন্যবাদ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০৪. | কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা জনাব মো: মাহববুব আলম রনি সভাকে জানান যে, রবি ২০২১-২২ অর্থ বছরে রাজস্থলী উপজেলার জন্য বরাদ্দকৃত বোরো উফশী বীজ ধান ও রাসায়নিক সার এবং হাইব্রিড বীজ সহায়তা কার্যক্রম শেষ হয়েছে। বাঙ্গালহালিয়া ইউনিয়নে বোরো ধান রোপন কার্যক্রম শুরু হয়েছে। ঘিলাছড়ি ও গাইন্দ্যা ইউনিয়নে দ্রুত শুরু হবে মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক ধন্যবাদ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০৫. | প্রাণি সম্পদ বিভাগ: উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডা: মোহাম্মদ তৌফিজুল ইসলাম সভাকে অবহিত করেন যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরে একটি টিউবওয়েলের জন্য বলা হয়েছে কিন্তু আজ অবধি হয়নি। টিউবওয়েলটি অতীব জরুরি কারণ অন্যের বাসা হতে পানি সরবরাহের মাধ্যমে পানি ব্যবহার হয়ে থাকে। এছাড়া অত্র দপ্তরের প্রশিক্ষণ রুমের ছাদটি একেবারে অকেজো হয়ে পড়ায় মেরামতের জন্য সভাকে অনুরোধ জানানো হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক ধন্যবাদ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ০৬. | মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য কর্মকর্তা জনাব মোহাম্মদ ছাবেদুল হক সভাকে জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। তিনি জানান, গত ২৭/১২/২০২১ খ্রি: তারিখের মধ্যে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের অধীনে ৫ জন জেলের মধ্যে ৪ জনকে একটি করে ৪ টি ভ্যানগাড়ি ও একজনকে ক্ষুদ্র ব্যবসায়িক মালামাল বিতরণ করা হয়।আর আগামী জানুয়ারি ২০২২ খ্রি: মাসের ৩য় ও ৪র্থ সপ্তাহের দিকে ২০ জন সুফলভোগী চাষীকে ৩ দিনের প্রশিক্ষণ দেওয়া হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের অধীনে উপকারভোগীর মাঝে ভ্যানগাড়ি ও ক্ষুদ্র ব্যবসায়িক মালামাল বিতরণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ০৭. | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ: **জনাব হাসিবুল হাসান ডিও,** উপজেলা প্রকৌশলী, রাজস্থলী সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকগতিতে চলছে। ঘিলাছড়ি ইউনিয়ন পরিষদের ভূমি একুইজিশন বিষয় নিয়ে সম্মানীত চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া উপজেলা রিসোর্স সেন্টার এবং উপজেলা শিক্ষা অফিসের মেরামতের কাজ চলমান আছে এবং সুষ্ঠুগতিতে চলছে।তিনি জানান, উপজেলা কমপ্লেক্স ভবনের ডিজাইন চলে এসেছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, রাজস্থলী, রাঙ্গামাটি |

<table>
<tr>
<td>০৮.</td>
<td>পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব বোধিদত্ত বড়ুয়া সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।<br>তাঁর ডিসেম্বর/২০২১ খ্রি: মাসের দাপ্তরিক কার্যক্রমের বিস্তারিত রিপোর্ট দাখিল করেন।
<table>
<tr><th rowspan="2">মোট সক্ষম দম্পতি</th><th colspan="2">খাবার বড়ি</th><th colspan="2">কনডম</th><th colspan="2">ইনজেকটেবল</th><th colspan="2">আইইউডি</th></tr>
<tr><th>নতুন</th><th>পুরাতন</th><th>নতুন</th><th>পুরাতন</th><th>নতুন</th><th>পুরাতন</th><th>নতুন</th><th>পুরাতন</th></tr>
<tr><td>৪৬৯০</td><td>১৪</td><td>২১১৩</td><td>৫</td><td>১৪৮</td><td>১</td><td>৫৫৪</td><td>০</td><td>১৩১</td></tr>
</table>
<table>
<tr><th colspan="2">ইমপ্লানন</th><th colspan="4">স্থায়ী পদ্ধতি</th><th rowspan="3">সর্বমোট গ্রহণকারী</th><th rowspan="3">সি এ আর</th></tr>
<tr><th rowspan="2">নতুন</th><th rowspan="2">পুরাতন</th><th colspan="2">পুরুষ</th><th colspan="2">মহিলা</th></tr>
<tr><th>নতুন</th><th>পুরাতন</th><th>নতুন</th><th>পুরাতন</th></tr>
<tr><td>২</td><td>৬৬৬</td><td>০</td><td>১৪২</td><td>০</td><td>৭৬</td><td>৩৮৫২</td><td>৮২.১৩%</td></tr>
</table>
</td>
<td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td>
</tr>
<tr>
<td>০৯.</td>
<td>শিক্ষা বিভাগ: উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভাকে জানান,বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলমান। আগামী ০১ জানুয়ারি ২০২২ এ অনাড়ম্বরভাবে প্রতিটি বিদ্যালয়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম শুরু হবে। সম্মানীত উপজেলা চেয়ারম্যান মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সকল কর্মকর্তা, জনপ্রতিনিধি, সাংবাদিক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গকে অনুরোধ জানানো হয় যাতে করে বই বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয় এবং বিদ্যালয়সমূহ সঠিকভাবে পরিচালিত হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।</td>
<td>আগামী ০১ জানুয়ারি ২০২২ এ অনাড়ম্বরভাবে প্রতিটি বিদ্যালয়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ সুষ্ঠু এবং সুন্দরভাবে সম্পন্ন করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td>
</tr>
<tr>
<td>১০.</td>
<td>মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে আলোচনা করা সম্ভব হয়নি।</td>
<td>পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td>
</tr>
<tr>
<td>১১.</td>
<td>ত্রাণ বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব মো: রবিউল ইসলাম সভাকে জানান যে, গত ২৫ ডিসেম্বর বড়দিন উপলক্ষে ৩১ টি গীর্জার অনুকূলে ৫০০কেজি হারে ১৫.৫০০ মে: টন জি. আর চাল বিতরণ করা হয়েছে। তিনটি ইউনিয়নে ১৪০৭ টি কম্বল বিতরণ অব্যাহত আছে। বীর নিবাসের কাজ চলমান আছে এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু এবং সুন্দরভাবে চলছে মর্মে সভাকে অবহিত করা হয়।</td>
<td>২৫ ডিসেম্বর বড়দিন উপলক্ষে ৩১ টি গীর্জার অনুকূলে ৫০০কেজি হারে ১৫.৫০০ মে: টন জি. আর চাল বিতরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য এবং বীর নিবাসের কাজ দ্রুতগতিতে সম্পন্ন করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td>
</tr>
<tr>
<td>১২.</td>
<td>মহিলা বিষয়ক অধিদপ্তর: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মিস সিথি চাকমা সভাকে জানান যে, আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ১৩ তম ব্যাচের ২ টি ট্রেডের ৫০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানানো হয়।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td>
</tr>
<tr>
<td>১৩.</td>
<td>যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে আলোচনা করা সম্ভব হয়নি।</td>
<td>পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td>
</tr>
<tr>
<td>১৪.</td>
<td>খাদ্য বিভাগ: জনাব রিপু চাকমা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজস্থলী সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে। অদ্য ৩০/১২/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত চালের প্রারম্ভিক মজুদ ১৬৬.০২৩ মে: টন এবং ধান সংগ্রহের কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td>
</tr>
<tr>
<td>১৫.</td>
<td>সমাজ সেবা বিভাগ: উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জনাব মো: জিয়া উদ্দিন সভাকে জানান যে, ৪৮৫০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ২৯৫২৭৫ টাকা ঋণ আদায় করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td>
</tr>
<tr>
<td>১৬.</td>
<td>আনসার ভিডিপি বিভাগ: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রমের বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি।</td>
<td>পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td>
</tr>
<tr>
<td>১৭.</td>
<td>উপজেলা রিসোর্স সেন্টার: জনাব মুহাম্মদ শাহ আলম, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, রাজস্থলী সভাকে জানান যে, নতুন বছরের শুরুতে করোনাকালীন শিখন ঘাটতি নিরসনে প্রাগম ও প্রাশিঅ কর্তৃক ব্লেন্ডেট ARLP অনুযায়ী পাঠদান চলবে। এখানে URC কারিগরি দিকে বিদ্যালয়গুলিকে সহায়তা করবে। লিখন ঘাটতি নিরসনে ত্রিমাত্রিক পদ্ধতিতে অনুশীলন সহযোগিতা করা হচ্ছে। অবশেষে URC রক্ষা/মেরামত কাজ চলমান আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করা হয়।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৮. | উপজেলা নির্বাচন অফিস: উপজেলা নির্বাচন কর্মকর্তা জনাব উৎপল বড়ুয়া সভাকে অবহিত করেন যে, অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন/২০২১ সুষ্ঠু , সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় উপজেলা প্রশাসন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সকল স্তরের সকল কর্মকর্তা/ কর্মচারীদের সহযোগিতার জন্য বাংলাদেশ নির্বাচন কমিশন ও উপজেলা নির্বাচন কমিশন রাজস্থলীর পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি জানান, আগামী ৯ জানুয়ারি/ ২০২২ তারিখ হালনাগাদ ভোটার তালিকা প্রকাশ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। তিনি জানান, অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠু এবং সুন্দরভাবে ইউনিয়ন পরিষদ নির্বাচন সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৯. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজস্থলীর কোন প্রতিনিধি কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রমের বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২০. | পল্লী সঞ্চয় ব্যাংক, রাজস্থলী শাখা: জনাব সন্তোষ কুমার তঞ্চঙ্গ্যা, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজস্থলী শাখা সভাকে অবহিত করেন যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, গত মাসে ঋণ বিতরণ হয়েছে ৩২,৫৩,০০০/- টাকা, ঋণ গ্রহণকারীর সংখ্যা ৮৬ জন। কর্জ আদায় হয়েছে ৩৬,৬৮,০০০/- টাকা। | ঋণ বিতরণ এবং আদায়ে অধিকতর তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজস্থলী শাখা, রাঙ্গামাটি |
| ২১. | টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড: জনাব প্রতীম দেওয়ান, উপজেলা ব্যবস্থাপক,টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাজস্থলী সভাকে জানান যে,সম্প্রতি অত্র উপজেলায় নতুন স্থাপিত ২ টি পাড়াকেন্দ্রের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং এ ২ টি কেন্দ্রে পিসিএসসি সদস্যদের ওরিয়েন্টেশন শীঘ্রই সম্পন্ন হবে। ইতিমধ্যে উক্ত কেন্দ্রসহ ৩ টি পাড়া এ্যাকশন প্লান সভা সম্পন্ন হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা। |
| ২২. | বন বিভাগ: জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান ,রেঞ্জ কর্মকর্তা, রাজস্থলী রেঞ্জ সভাকে জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান, ২০২১-২২ আর্থিক সালে এখন পর্যন্ত উন্নয়নমূলক কাজের কোন বরাদ্দ পাওয়া যায় নাই। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৩. | বি.আর.ডি.বি: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তাঁর দপ্তরের ডিসেম্বর ২০২১ খ্রি:মাসের নিম্নরুপ তথ্যাদি সভায় উপস্থাপন করেন।<br>০১. কৃষি কাজ ও হাঁস-মুরগী পালন বাবদ ঋণ বিতরণ= ৭,৩০,০০০/- টাকা।<br>০২. বিতরণকৃত ঋণ আদায় ৪,৬০,০০০/- টাকা।<br>০৩. সঞ্চয় জমা ৩৫,০০০/- টাকা।<br>অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক মর্মে সভাকে জানানো হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৪. | সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় দাপ্তরিক কার্যক্রমের বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৫. | **তথ্য আপা কর্মকর্তার কার্যালয়:** উপজেলা তথ্য আপা কর্মকর্তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, রাজস্থলী |
| ২৬. | পরিসংখ্যান বিভাগ: উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৭. | **বিদ্যুৎ বিভাগ:** আবাসিক প্রকৌশলী, কাপ্তাই বিদ্যুৎ সরবরাহ, লিচুবাগান, কাপ্তাই এর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সর্ম্পকে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৮. | **বিবিধ : (১) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত :**<br>রাজস্থলী উপজেলার সংশ্লিষ্ট সকল ইউনিয়নে জন্ম/ মৃত্যু ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার বিষয়ে ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করা হয়। এ বিষয়ে অধিকতর গুরুত্বারোপ করার জন্য সভা কর্তৃক সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান,সচিব এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদেরকে অনুরোধ করা হয়। তাছাড়া অত্র উপজেলায় সকল ইউনিয়নে জন্ম/ মৃত্যু নিবন্ধন মনিটরিং করার পর নিয়মিত রিপোর্ট প্রদানের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা,২০১৮ এর ১ (১৯) ধারা মোতাবেক সহকারী পরিদর্শক নিয়োগ করা হয়েছে মর্মে সভায় বিশদ আলোচনা করা হয়। | রাজস্থলী উপজেলার সংশ্লিষ্ট সকল ইউনিয়নে জন্ম/ মৃত্যু ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার বিষয়ে ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া অত্র উপজেলায় জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা,২০১৮ এর ১ (১৯) ধারা মোতাবেক নিয়োগকৃত সহকারী পরিদর্শকগণকে নিয়মিত সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদের জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত রিপোর্ট প্রদানের জন্য সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)<br>সহকারী পরিদর্শক (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | **কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :**<br>১। বিগত সভার কমিটি কর্তৃক গৃহিত বিভিন্ন সুপারিশ সমূহ পর্যালোচনা করা হয়। | ১। কমিটি কর্তৃক গৃহিত বিভিন্ন সুপারিশ সমূহ পর্যালোচনান্তে বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | বিভাগীয় ধান(সকল) রাজস্থলী |
| | **সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা :**<br>উপজেলা পরিষদে ন্যস্তকৃত সরকারি দপ্তরসমূহের নতুন জারিকৃত কোন বিধি উপস্থাপন না করায় এ বিষয়ে আলোচনা করা যায়নি। | উপজেলা পরিষদে ন্যস্তকৃত দপ্তরসমূহের নুতন নীতিমালা, পরিপত্র প্রজ্ঞাপন আইন ও বিধি সরকার কর্তৃক জারি করার সাথে সাথে উপজেলা পরিষদের সভায় তা উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | **মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর পর্যালোচনা (প্রযোজ্য ক্ষেত্রে) :**<br>মাননীয় সংসদ সদস্য কর্তৃক কোন ধরণের সুপারিশ পাওয়া না যাওয়ায় তদবিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | মাননীয় সংসদ সদস্য কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে আলোচনা করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | **পরিষদের আয়- ব্যয় হিসাবের উপর আলোচনা :**<br>**উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয় সমূহ সভায় উত্থাপিত হয়।**<br>(ক) ডিসেম্বর/২০২১ খ্রি:মাসের আনুসাঙ্গিক খরচ বাবদ ৫০০০/-টাকা।<br>(খ) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের আগস্ট/ ২০২১ সম্মানী ভাতা বাবদ ৪৬২০০/- টাকা<br>(গ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের আগস্ট/ ২০২১ সম্মানী ভাতা বাবদ ( ২৭০০০×২)= ৫৪০০০/-টাকা।<br>(ঘ) নভেম্বর/ ২০২১ এর উপজেলা পরিষদের ২ জন কর্মচারীর বেতন বাবদ ( ১৫৯০০×২)= ৩১৮০০/-টাকা।<br>(ঙ) উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ এর বিদ্যুৎ বিল বাবদ ১৪০৯৪/- টাকা।<br>(চ) ডিসেম্বর/২০২১ খ্রি:মাসের আপ্যায়ন বিল বাবদ ৪০০০/-টাকা। | বর্ণিত ব্যয়সমূহ সভায় পর্যালোচনান্তে সঠিক বিবেচিত হওয়ায় পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, রাজস্থলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

( উবাচ মারমা )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা

স্মারক নং: ০৫.৪২.৮৪৭৮.০০৬.০৪.০০৪.২১-২১২০

তারিখ: ৩০/১২/২০২১খ্রি:

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় )

১. মাননীয় সংসদ সদস্য, ২৯৯, পার্বত্য রাঙ্গামাটি।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, চট্রগ্রাম বিভাগ, চট্রগ্রাম।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্রগ্রাম বিভাগ, চট্রগ্রাম।
৫. চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮-৯. উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০. উপজেলা ..............................................................কর্মকর্তা,রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১-১৩. চেয়ারম্যান, ১ নং ঘিলাছড়ি/ ২ নং গাইন্দ্যা/ ৩ নং বাঙ্গালহালিয়া ইউপি, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৪. ..........................................................................................................................

(শান্তনু কুমার দাশ )
মূখ্য নির্বাহী কর্মকর্তা ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা
E-mail :unorajasthali@mopa.gov.bd